

E-mail: jugantordotcom@yahoo.com

## কম্পিউটার প্রযুক্তি উল্টো ফল দিচ্ছে স্কুল শিক্ষায়

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের পড়াশোনায় গতি আনবে বর্ধে কম্পিউটার প্রযুক্তির ব্যবহারের ওপর গুরুত্ব দেয়া হয়ে থাকে। কিন্তু এতে নাকি উল্টো ফলাফল মিলছে! আন্তর্জাতিক এক গবেষণা প্রতিবেদনে দেখা গেছে, কম্পিউটার প্রযুক্তির ব্যবহার বাড়ানোর কারণে শিক্ষার্থীরা আগের চেয়ে খারাপ ফলাফল করছে!

গবেষণা সংস্থা ওইসিডিওর ওই গবেষণা বলছে, যেসব স্কুলে কম্পিউটারের ব্যবহার বেশি, সেগুলোতে ছাত্রছাত্রীরা আগের চেয়েও খারাপ ফলাফল করছে।

সংস্থার শিক্ষা বিষয়ক পরিচালক অ্যান্ড্রিয়াস গ্রেচার বলেন, স্কুলে প্রযুক্তির ব্যবহার নিয়ে অনর্থক বাগাড়ম্বর করা হচ্ছে, 'অনেক মিথ্যা আশ্বাস দেয়া হচ্ছে।' পিসা টেস্টসহ আন্তর্জাতিক বিভিন্ন পরীক্ষায়? স্কুলে প্রযুক্তি কি প্রভাব ফেলেছে, তা নিয়ে? এক গবেষণার পর ওইসিডিও এই বক্তব্য তুলে ধরেছে। বিখের প্রায় ৭০টিরও বেশি দেশে পিসা টেস্ট নেয়া হয়?, যেনানে গণিত, বিজ্ঞান এবং পড়তে পারার দক্ষতা যাচাই করা হয়। ফলাফল বিশ্লেষণ করে দেখা গেছে,

যেসব স্কুলে তথ্যপ্রযুক্তির ব্যবহার বেশি সেসব স্কুলের শিক্ষার্থীদের তেমন কোনো উন্নতি হচ্ছে না। অ্যান্ড্রিয়াস গ্রেচার বলেন, পূর্ব এশিয়ার দেশগুলো স্কুলে প্রযুক্তির ব্যবহার নিয়ে অনেক সাবধান। কিন্তু

কম্পিউটার ব্যবহারে শিক্ষার্থীরা পরিশ্রম কমিয়ে ইন্টারনেট থেকে প্রশ্নের পুরনো উত্তর নবল করছে। অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড এবং সুইডেনের উদাহরণ দিয়ে বলা হয়েছে, এই তিনটি দেশে স্কুলে



পরীক্ষায়? তারাি ভালো করছে। তিনি বলেন, যেসব শিক্ষার্থীরা কম্পিউটার, ট্যাবলেট ব্যবহার বেশি করছে, তারা অন্যদের চেয়ে খারাপ ফল করছে। তবে তিনি বলেন, পূর্ব এশিয়ার দেশগুলোর স্কুলগুলো প্রযুক্তির চেয়ে? ছাত্রছাত্রীদের অঙ্ক এবং লিখতে-পড়তে শেখার ওপর বেশি জোর দেয়? এবং ওইসব দেশ শিক্ষায় ভালো করছে। সি গ্রেচার বলেন, ক্লাসে

ইন্টারনেটের ব্যবহার সর্বাধিক। কিন্তু শিক্ষার্থীদের পড়তে পারার দক্ষতা দেখানো উল্লেখযোগ্য হারে কমছে। অথচ দক্ষিণ কোরিয়া, চীন, জাপান এবং হংকংয়ের স্কুলে তথ্যপ্রযুক্তির ব্যবহারে নিরুৎসাহী। কিন্তু ওইসব দেশের ছাত্রছাত্রীরা আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় সবচেয়ে ভালো ফল করছে।

—সূত্র: টেকশফর